

নারী নির্যাতন বন্ধ কর, নারীর মর্যাদা প্রতিষ্ঠা কর

পুঁজিবাদ-সাম্রাজ্যবাদ-মৌলবাদ রুখে দিন, নারীমুক্তির আন্দোলনকে বেগবান করুন

সমাজতান্ত্রিক মহিলা ফোরামের ৩৭তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত



৫ জানুয়ারি '২১ সমাজতান্ত্রিক মহিলা ফোরামের ৩৭তম প্রতিষ্ঠাবার্ষিকী। এ উপলক্ষে বিভিন্ন জেলায় দিবসটি পালিত হয়। প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে সংগঠনের কেন্দ্রীয় সভাপতি রওশন আরা রুশো এবং সাধারণ সম্পাদক শম্পা বসু বিবৃতি প্রদান করেন।

নেতৃত্ব বহন, সমাজে নারীর মানবিক অধিকার ও মর্যাদা প্রতিষ্ঠার সংগ্রাম শক্তিশালী করে শোষণমুক্ত সমাজতান্ত্রিক সমাজ গড়ে তোলার লক্ষ্যে ১৯৮৪ সালের ৫ জানুয়ারি বাংলাদেশের সমাজতান্ত্রিক দল-বাসদ এর নারী সংগঠন হিসেবে সমাজতান্ত্রিক মহিলা ফোরামের আত্মপ্রকাশ ঘটে। দেশের অর্ধেক জনগোষ্ঠী নারী। সমাজতান্ত্রিক মহিলা ফোরাম মনে করে নারীর অধিকার ও মর্যাদা প্রতিষ্ঠায় তাদের নিজস্ব হাতিয়ার প্রয়োজন। সে শক্তিশালী হাতিয়ার, সাম্যের আদর্শ ও সাংগঠনিক শক্তি আর ধারাবাহিক লড়াই ছাড়া সে কাজক্ষত মুক্তি আসবে না। তাই গণতন্ত্র, মানবতা ও সভ্যতার স্বার্থে, উন্নত রুচিবোধ ও সংস্কৃতি চেতনার আলোকে নারী-পুরুষের সৌন্দর্যমণ্ডিত জীবন ও যৌথ কর্মপ্রয়াসের বিকল্প নেই। সমাজের অগ্রগতি ও প্রগতির স্বার্থে, সুস্থ নিরাপদ জীবনযাপন ও পরবর্তী প্রজন্ম মনুষ্যত্ব নিয়ে বেড়ে উঠার স্বার্থে আজ নারী-পুরুষের মধ্যকার অসাম্য-বৈষম্য বিলোপ সময়ের দাবি। সেই দাবি পূরণের লক্ষ্যে সকল প্রকার অসুস্থ মানসিকতা, প্রতিক্রিয়াশীল ধ্যান-ধারণা, ভোগবাদী প্রবণতা দূর করার জন্য একটি শক্তিশালী নারী সংগঠন, নারী মুক্তি আন্দোলন ও নারী-পুরুষের মিলিত সংগ্রাম অপরিহার্য। শুধু অধিকারের কথা বলাই যথেষ্ট নয়; সমাজ সচেতনতার বিকাশ, প্রতিবাদ প্রতিরোধ সংগ্রামের পথেই সত্যিকারের মর্যাদা ও অধিকার আদায় সম্ভব। সমাজের আমূল পরিবর্তনের বিপ্লবী পথে সার্বিক মুক্তি একদিন অর্জিত হবে।



নেতৃত্ব প্রদান প্রতিষ্ঠাবার্ষিকীতে দেশবাসীর প্রতি আহ্বান জানিয়ে বলেন সমাজতান্ত্রিক মহিলা ফোরামকে সর্বদিক থেকে সহযোগিতা দিয়ে ও অংশগ্রহণ করে শক্তিশালী করুন। দেশে নারী নির্যাতন, নারীর প্রতি বৈষম্যসহ সকল ক্ষেত্রে প্রতিরোধ গড়ে তুলে সমাজে ও পরিবারে গণতান্ত্রিক মূল্যবোধ প্রতিষ্ঠায় এগিয়ে আসার জন্য নেতৃত্ব সকলের প্রতি আহ্বান জানান।